## কর্পোরেশনের আকর্ষণীয় বীমা স্কিমসমূহ

- বঙ্গবন্ধু সার্বজনীন পেনশন বীমা (লাভসহ)
- সর্বজনীন শিক্ষা বীমা (লাভসহ)
- দেনমোহর বীমা
- প্রত্যাশিত মেয়াদী বীমা (লাভসহ)
- মেয়াদী বীমা (লাভসহ)
- প্রগতিশীল মেয়াদী বীমা
- ম্যারেজ এন্ডাওমেন্ট বীমা (লাভসহ)
- বহু কিস্তি বীমা (লাভসহ)
- মানি ব্যাক টার্ম বীমা (লাভবিহীন)
- দ্বৈত-নিরাপত্তা মেয়াদী বীমা
- ট্রিপল প্রটেকশন বীমা (লাভসহ)
- একক প্রিমিয়াম বীমা
- প্রমিলা ডিপিএস বীমা (লাভসহ)
- যুগ্ম মেয়াদী বীমা (লাভসহ)
- শিশু নিরাপত্তা বীমা।
- জেবিসি মাসিক সঞ্চয়ী স্কিম
- জেবিসি প্রত্যাশিত মাসিক সঞ্চয়ী স্কিম


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)



সুখে দুঃখে আপনজন,
জীবন বীমা কর্পোরেশন।

"সকল শ্রেণি-পেশার মানুষের জীবনের ঝুঁকি গ্রহণের মাধ্যমে তাদের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করা এবং জনগণকে সঞ্চয়মুখী করে তাদের জীবন-যাত্রার মান উন্নয়ন করাই জীবন বীমা কর্পোরেশনের মুল উদ্দেশ্য।"

## হজ্জ বীমা (লাভসহ) (টেবিল নং-৬৫)
## Hajj Bima (With Profit) (Table No.65)


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)
প্রধান কার্যালয়: ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ফোন: ০২২২৩৩৮৫৭২০
ই-মেইল: tad@jbc.gov.bd
Web: jbc.gov.bd


# হজ্জ বীমা (লাভসহ), টেবিল নং-৬৫
# Hajj Bima (With Profit)-65




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)



মুদ্রণ: ০৪/০৭/২০২৩

## তালিকা নং-৬৫
## হজ্ব বীমা (লাভসহ)

### ভূমিকা

ইসলামের পাঁচটি মূল স্তম্ভের মধ্যে হজ্ব অন্যতম। হজ্ব এমন একটি ইবাদত যা আর্থিক ও শারিরীক সামর্থ্যবান মুসলমানদের জন্য আল্লাহ পাক ফরজ ঘোষণা করেছেন। কুরআন মজীদে এই ফরজ বিধানের আলোচনা করা হয়েছে এভাবে- “আর মানুষের উপর আল্লাহ্‌ তা’আলা আনহর বিধান হলো, যে ব্যক্তিরই এ ঘর পর্যন্ত পৌঁছার সামর্থ্য থাকবে, সে যেন এ ঘরের হজ আদায় করে।” (আল কোরআনঃ ৩:৯৭)
উক্ত আয়াতে কারীমাতে আল্লাহ তা’আলা সে সব লোকদের উপর হজ্ব ফরজ করে দিয়েছেন, যারা আর্থিকভাবে স্বচ্ছল এবং আল্লাহর ঘর পর্যন্ত পৌঁছার সক্ষমতা রাখে।
কুরআন মজীদে আল্লাহ তা’আলা আরো ইরশাদ করেন, “আল্লাহ্‌ তালার (সন্তুষ্টির) জন্য হজ্ব ও ওমরাহ সম্পন্ন করো।” (আল কোরআনঃ ২:১৯৬)

### যাদের জন্য উপযোগী

ধর্মপ্রাণ মুসলমানগণ যারা বিভিন্ন পেশায় জড়িত, যেমন- চাকুরীজীবী, প্রবাসীগণ, ব্যবসায়ীগণ অথবা অন্যান্য পেশাজীবী, যারা হজ্ব করার উদ্দেশ্যে সঞ্চয় করতে ইচ্ছুক তাদের জন্য জীবন বীমা কর্পোরেশন চালু করেছেন হজ্ব বীমা। এ পরিকল্পনায় মেয়াদ শেষে বীমাকৃত অর্থ (বোনাসসহ) প্রদান করা হবে। যা দ্বারা বীমাগ্রাহক পবিত্র হজ্ব, ওমরাহ পালন করা ছাড়াও অন্য যে কোন প্রয়োজন মিটাতে পারবেন।

### বৈশিষ্ট্যাবলী/সুবিধাবলী

- সর্বোচ্চ বীমা অংক ২৫,০০,০০০/- (পঁচিশ লাখ) টাকা।
- প্রবেশকালীন বয়স সর্বনিম্ন ১৮ বছর ও সর্বোচ্চ ৫৫ বছর ।
- প্রিমিয়াম পরিশোধ পদ্ধতি: ষান্মাসিক ও বার্ষিক।
- মেয়াদ: ১০, ১২, ১৫, ১৬ ও ২০ বছর।
- মেয়াদপূর্তীকালীন সর্বোচ্চ বয়স ৬৫ বছর।
- এ পরিকল্পনায় মেয়াদ শেষে বীমাকৃত অর্থ (বোনাসসহ) প্রদান করা হবে। প্রাপ্ত অর্থ দিয়ে বীমাগ্রাহক পবিত্র হজ্ব, ওমরাহ পালন করা ছাড়াও অন্য যে কোন প্রয়োজন মিটাতে পারবেন।
- বীমার মেয়াদের মধ্যে বীমাগ্রাহক মৃত্যুবরণ করলে বীমাকৃত অর্থ অর্জিত বোনাসসহ মনোনীতককে প্রদান করা হবে।
- বীমা অংক ও প্রিমিয়াম প্রদান পদ্ধতির উপর কোন রিবেট প্রদান করা হবে না।
- প্রদত্ত প্রিমিয়ামের উপর আয়কর রেয়াত পাওয়া যাবে।
- এই বীমায় সমর্পণ ও ঋণ গ্রহণ করা যাবে।
- এই বীমার সঙ্গে অতিরিক্ত সুবিধার বীমা (Supplementary benefit গ্রহণ করা যাবে।
- মরণোত্তর দাবীর টাকা আয়করমুক্ত।

### উদাহরণ

৩৫ বছর বয়সের একজন ব্যক্তি ৫,০০,০০০/- টাকার ১টি পলিসি জেবিসি হতে গ্রহণ করলে তার প্রিমিয়াম ও মেয়াদোত্তর দাবী নিম্নরূপ:

#### (ক) ১০ বছর মেয়াদের ক্ষেত্রে

বার্ষিক প্রিমিয়াম= ১০৬.৬১×৫০০= ৫৩,৩০৫/-টাকা। ১০ বছরে মোট জমাকৃত প্রিমিয়াম ৫,৩৩,,০৫০/-, মেয়াদ শেষে বোনাসসহ (বর্তমান বোনাস রেট অনুয়ায়ী) প্রদেয় ৬,০০,০০০/- টাকা। বীমাগ্রাহকের অনাকাঙ্খিত মৃত্যুতে (যদি ৫ বছর পর মৃত্যুবরণ করে) ৫,৫০,০০০/- টাকা প্রাপ্য হবেন।

#### (খ) ১৫ বছর মেয়াদের ক্ষেত্রে

বার্ষিক প্রিমিয়াম=৬৯.১২×৫০০= ৩৪,৫৬০/-টাকা । ১৫ বছরে মোট জমাকৃত প্রিমিয়াম ৫,১৮,৪০০/-মেয়াদ শেষে বোনাসসহ (বর্তমান বোনাস রেট অনুয়ায়ী) প্রদেয় ৭,৪৭,০০০/- টাকা । বীমাগ্রাহকের অনাকাঙ্খিত মৃত্যুতে (যদি ৫ বছর পর মৃত্যুবরণ করে) ৫,৮২,৫০০/- টাকা প্রাপ্য হবেন।

#### (গ) ২০ বছর মেয়াদের ক্ষেত্রে

বার্ষিক প্রিমিয়াম= ৫০.৯৯×৫০০= ২৫,৪৯৫/-টাকা। ২০ বছরে মোট জমাকৃত প্রিমিয়াম ৫,০৯,৯০০/-মেয়াদ শেষে বোনাসসহ (বর্তমান বোনাস রেট অনুয়ায়ী)প্রদেয় ১০,২০,০০০/- টাকা। বীমাগ্রাহকের অনাকাঙ্খিত মৃত্যুতে (যদি ১৫ বছর পর মৃত্যুবরণ করে) ১৩,৯০,০০০/- টাকা প্রাপ্য হবেন।

### দাবী নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কাগজ-পত্রাদি

**মেয়াদোত্তর দাবীর ক্ষেত্রে:**

১। বীমা দলিল, ২। বীমাগ্রাহকের ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি, ৩। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।

**মরণোত্তর দাবী ক্ষেত্রে:**

দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রাদি-১।বীমা দলিল, ২। দাবী ফরম, ৩। নমিনীর ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি ও জাতীয় পরিচয়পত্রের ফটেকপি, ৫। মৃত্যুসনদপত্র, ৬। কবরস্থান সনদপত্র, ৭। চেয়ারম্যান/কাউন্সিলরের প্রত্যয়ন পত্র ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।

## হজ্ব বীমা (লাভসহ) (টেবিল নং-৬৫)

### প্রিমিয়াম রেট

| বয়স | মেয়াদ | | | | |
|---|---|---|---|---|---|
| | ১০ | ১২ | ১৫ | ১৬ | ২০ |
| ১৮ | ১০৬.৩৩ | ৮৭.৪০ | ৬৮.৬১ | ৬৩.৯৫ | ৫০.১৪ |
| ১৯ | ১০৬.৩৩ | ৮৭.৪০ | ৬৮.৬১ | ৬৩.৯৬ | ৫০.১৪ |
| ২০ | ১০৬.৩৪ | ৮৭.৪০ | ৬৮.৬২ | ৬৩.৯৬ | ৫০.১৫ |
| ২১ | ১০৬.৩৪ | ৮৭.৪০ | ৬৮.৬২ | ৬৩.৯৬ | ৫০.১৫ |
| ২২ | ১০৬.৩৪ | ৮৭.৪০ | ৬৮.৬২ | ৬৩.৯৭ | ৫০.১৬ |
| ২৩ | ১০৬.৩৪ | ৮৭.৪১ | ৬৮.৬৩ | ৬৩.৯৮ | ৫০.১৮ |
| ২৪ | ১০৬.৩৫ | ৮৭.৪১ | ৬৮.৬৪ | ৬৩.৯৯ | ৫০.২০ |
| ২৫ | ১০৬.৩৫ | ৮৭.৪২ | ৬৮.৬৫ | ৬৪.০০ | ৫০.২২ |
| ২৬ | ১০৬.৩৬ | ৮৭.৪৩ | ৬৮.৬৬ | ৬৪.০১ | ৫০.২৪ |
| ২৭ | ১০৬.৩৬ | ৮৭.৪৪ | ৬৮.৬৮ | ৬৪.০৩ | ৫০.২৮ |
| ২৮ | ১০৬.৩৮ | ৮৭.৪৫ | ৬৮.৭০ | ৬৪.০৬ | ৫০.৩২ |
| ২৯ | ১০৬.৩৮ | ৮৭.৪৭ | ৬৮.৭৩ | ৬৪.০৯ | ৫০.৩৭ |
| ৩০ | ১০৬.৪১ | ৮৭.৫০ | ৬৮.৭৭ | ৬৪.১৩ | ৫০.৪৪ |
| ৩১ | ১০৬.৪৩ | ৮৭.৫৩ | ৬৮.৮১ | ৬৪.১৮ | ৫০.৫১ |
| ৩২ | ১০৬.৪৬ | ৮৭.৫৭ | ৬৮.৮৭ | ৬৪.২৫ | ৫০.৬০ |
| ৩৩ | ১০৬.৫০ | ৮৭.৬২ | ৬৮.৯৪ | ৬৪.৩২ | ৫০.৭১ |
| ৩৪ | ১০৬.৫৫ | ৮৭.৬৮ | ৬৯.০২ | ৬৪.৪১ | ৫০.৮৪ |
| ৩৫ | ১০৬.৬১ | ৮৭.৭৬ | ৬৯.১২ | ৬৪.৫২ | ৫০.৯৯ |
| ৩৬ | ১০৬.৬৯ | ৮৭.৮৫ | ৬৯.২৪ | ৬৪.৬৬ | ৫১.১৭ |
| ৩৭ | ১০৬.৭৯ | ৮৭.৯৬ | ৬৯.৩৯ | ৬৪.৮১ | ৫১.৩৭ |
| ৩৮ | ১০৬.৯০ | ৮৮.১০ | ৬৯.৫৫ | ৬৪.৯৯ | ৫১.৬০ |
| ৩৯ | ১০৭.০৩ | ৮৮.২৫ | ৬৯.৭৫ | ৬৫.২০ | ৫১.৮৭ |
| ৪০ | ১০৭.১৯ | ৮৮.৪৪ | ৬৯.৯৭ | ৬৫.৪৩ | ৫২.১৬ |
| ৪১ | ১০৭.৩৮ | ৮৮.৬৫ | ৭০.২৩ | ৬৫.৭০ | ৫২.৫০ |
| ৪২ | ১০৭.৫৯ | ৮৮.৮৯ | ৭০.৫১ | ৬৬.০১ | ৫২.৮৮ |
| ৪৩ | ১০৭.৮৩ | ৮৯.১৬ | ৭০.৮৪ | ৬৬.৩৫ | ৫৩.৩০ |
| ৪৪ | ১০৮.১০ | ৮৯.৪৭ | ৭১.২০ | ৬৬.৭৩ | ৫৩.৭৬ |
| ৪৫ | ১০৮.৪১ | ৮৯.৮১ | ৭১.৬১ | ৬৭.১৬ | ৫৪.২৮ |
| ৪৬ | ১০৮.৭৫ | ৯০.১৯ | ৭২.০৫ | ৬৭.৬৩ | |
| ৪৭ | ১০৯.১৩ | ৯০.৬২ | ৭২.৫৪ | ৬৮.১৫ | |
| ৪৮ | ১০৯.৫৪ | ৯১.০৮ | ৭৩.০৯ | ৬৮.৭২ | |
| ৪৯ | ১১০.০০ | ৯১.৬০ | ৭৩.৬৯ | ৬৯.৩৪ | |
| ৫০ | ১১০.৫১ | ৯২.১৬ | ৭৪.৩৪ | | |
| ৫১ | ১১১.০৬ | ৯২.৭৮ | | | |
| ৫২ | ১১১.৬৭ | ৯৩.৪৬ | | | |
| ৫৩ | ১১২.৩৪ | ৯৪.২০ | | | |
| ৫৪ | ১১৩.০৭ | | | | |
| ৫৫ | ১১৩.৮৮ | | | | |

মুদ্রণ: ০৪/০৭/২০২৩